রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৩ অগ্রহায়ণ, ১৪৩১/ ১৮ নভেম্বর, ২০২৪

**এস.আর.ও. নম্বর ৩৮৮-আইন/২০২৪।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সর্বস্তরে নারীর অংশগ্রহণ ও ক্ষমতায়ন বিষয়ে প্রয়োজনীয় সংস্কারের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে 'নারী বিষয়ক সংস্কার কমিশন' নামে নিম্নরূপ কমিশন গঠন করিল:

(ক) **নারী বিষয়ক সংস্কার কমিশন**

| | | |
|---|---|---|
| ১) | জনাব শিরীন পারভিন হক, প্রতিষ্ঠাতা সদস্য, নারীপক্ষ | - কমিশন প্রধান |
| ২) | জনাব মাহীন সুলতান<br>সিনিয়র ফেলো, ব্র্যাক ইন্সটিটিউট অব গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট | - সদস্য |
| ৩) | জনাব সারা হোসেন<br>অবৈতনিক নির্বাহী পরিচালক, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট | - সদস্য |
| ৪) | জনাব ফৌজিয়া করিম ফিরোজ<br>সিনিয়র অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট,<br>সভাপতি, ফাউন্ডেশন ফর ল' এন্ড ডেভেলপমেন্ট (ফ্ল্যাড) | - সদস্য |
| ৫) | জনাব কল্পনা আক্তার, সভাপতি<br>বাংলাদেশ গার্মেন্টস ও শিল্প শ্রমিক ফেডারেশন | - সদস্য |



মূল্য : টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ৬) | জনাব হালিদা হানুম আক্তার, নারী স্বাস্থ্য বিশেষজ্ঞ | - সদস্য |
| ৭) | জনাব সুমাইয়া ইসলাম, নির্বাহী পরিচালক, বাংলাদেশ নারী শ্রমিক কেন্দ্র | - সদস্য |
| ৮) | জনাব নিরুপা দেওয়ান, সাবেক সদস্য, জাতীয় মানবাধিকার কমিশন | - সদস্য |
| ৯) | জনাব ফেরদৌসী সুলতানা সাবেক সিনিয়র সামাজিক উন্নয়ন উপদেষ্টা, এশিয়ান উন্নয়ন ব্যাংক | - সদস্য |
| ১০) | জনাব নিশিতা জামান নিহা, শিক্ষার্থী প্রতিনিধি | - সদস্য। |

(খ) কমিশন অবিলম্বে উহার কার্যক্রম শুরু করিবে এবং সংশ্লিষ্ট সকল মতামত বিবেচনা করিয়া পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে প্রস্তুতকৃত প্রতিবেদন অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার নিকট হস্তান্তর করিবে;

(গ) কমিশনের কার্যালয় সরকার কর্তৃক নির্ধারিত হইবে;

(ঘ) কমিশনের প্রধান ও সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত সরকারি পদমর্যাদা, বেতন/সম্মানি ও সুযোগ-সুবিধা পাইবেন; তবে শর্ত থাকে যে, কমিশন প্রধান বা কোন সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন;

(ঙ) প্রজাতন্ত্রের সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কমিশনের চাহিদানুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহসহ সকল ধরনের সহযোগিতা প্রদান করিবে;

(চ) কমিশন প্রয়োজনে উপযুক্ত ব্যক্তিকে কমিশনের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে; এবং

(ছ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত website: www.bgpress.gov.bd